মেহেরপুর পৌরসভা কার্যালয়

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

নগর সমন্বয় কমিটির (TLCC)'র সভার কার্য বিবরনী

সভার স্থান ঃ পৌরসভা কাঁলাচাদ সভাকক্ষ।	সভার তারিখ ঃ ২৩/০৬/২০২১ খ্রিঃ সময় ঃ সকাল ১২.০০ ঘটিকা।	সভাপতি ঃ **জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন** মেয়র, মেহেরপুর পৌরসভা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

বিগত সভার কার্যবিবরণী পাঠ	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা	প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে)	সিদ্ধান্ত
১। কার্যবিবরণী পাঠ করেন জনাব, জনাব মোঃ মেহেদী হাসান, প্রর্ধান নির্বাহী কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়।	কোন সংশোধনীর প্রয়োজন নাই	সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরনী অনুমোদিত হয়।

আলোচ্যসূচী - ২ ঃ UGIIP-III এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

ক্ষেত্র - ১। নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
১.	TLCC কার্যকর রাখা ও নতুন সদস্য নিয়োগ বিষয়ে আলোচনা।	গত ২৯/০৩/২০২১ খ্রীঃ তারিখ ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠিত হয়েছিল । -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। -সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হয়। পৌরসভা আইন, ২০০৯ এর	আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভার আয়োজন করা হবে । - TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য মেয়র মহোদয় সকলকে অনুরোধ জানান।	মেয়র ও সচিব	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
		১১৫ ধারা অনুযায়ী মেহেরপুর পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করা চলমান রয়েছে। TLCC এর সদস্য সচিব ও অত্র পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা, জনাব মোঃ মেহেদী হাসান সভায় জানান যে, তিনি গত ২৭/০৫/২০২১ ইং তারিখ অত্র পৌরসভায় যোগদান করেন এবং সভায় উপস্থিত সকল সদস্যদের সাথে পরিচয় পর্বে মিলিত হন। সভায় ৫০ সদস্যের মধ্যে ৪২ জন সদস্য উপস্থিত আছেন। এর মধ্যে নারী সদস্য উপস্থিত ছিলেন ১৫ জন। মেয়র জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন বলেন সকল সদস্যগণকে উপস্থিত থেকে তাকে সার্বিক ভাবে সহযোগিতা করা জন্য অনুরোধ জানান। টিএলসিসি কমিটির সম্মানিত সদস্য জনাব শাহ মোয়াজ্জেম হোসেন মৃত্যুবরণ করায় তাঁর বিপরীতে নতুনভাবে জনাব মোঃ মিয়ারুল ইসলামকে একজন নাগরিক সমাজের প্রতিনিধি টিএলসিসি কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হয়। তিনি সকল সদস্যগণকে পরবর্তী TLCC সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জনান।	-TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। -সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । সভায় সর্ব সম্মতিক্রমে মোঃ মিয়ারুল ইসলাম, শহীদ গফুর সড়ক, মেহেরপুর পৌরসভা, মেহেরপুর তাকে নাগরিক সমাজের প্রতিনিধি এর বিপরীতে টিএলসিসি কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হয়।		
২.	WC কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	অদ্যকার সভায় জনাব মেহেদী হাসান, প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেরপুর পৌরসভা বলেন যে, পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা করার কাজ চলমান রাখা হয়েছে। এপ্রিল- জুন/২০২১ইং এর ত্রৈমাসিকের WC সভা সম্পন্ন করা হয়েছে এবং কার্যাববরনী তৈরী করা হয়েছে। WC সভা থেকে আগত বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যগুলো সমাধানের জন্য TLCC এর সদস্য দের মধ্যে আলোচনা করেন। তিনি আরও বলেন চলতি কোয়াটারের সভার কার্যবিবরনী ওয়ার্ড কমিটির সদস্য সচিববৃন্দ প্রস্তুত করেছেন এই এই কার্যবিবরনী আগামী	আগামী ৩০ সেপ্টেম্বর/২০২১খ্রিঃ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভার আয়োজন করা হবে । -পরবর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে । সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । বিভিন্ন ওয়র্ডের WC এর সভা থেকে চিহ্নিতসমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী কোয়াটারে WC	সভাপতি/সদস্য সচিব WC	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
		০৫/০৭/২০২১ইং তারিখের মধ্যে PMO তে প্রেরন করা হবে।	এর সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করা এবং প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে মিটিং এর স্থান নির্ধারন করে WC এর সভা ৩০/০৯/২০২১ ইং তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য মেয়র মহোদয় সন্মানীত কাউন্সিলর বৃন্দকে অনুরোধ করেন।		
৩.	নাগরিক সনদ (CC) তৈরী / প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্তন করা।	-মেহেরপুর পৌরসভা ছাড়াও জনসাধারনের সুবিধার্থে শামসুজ্জোহা পার্কের সামনে, কলেজ মোড়ে ও থানা মোড়ে নাগরিক সনদ প্রদর্শিত আছে। নির্দেশনা অনুযায়ী উহা সংশোধন ও সংযোজন করা হয়েছে। সিটিজেন চার্টার বুকলেট আকারে প্রকাশ করা হয়েছে এবং উহা PMO, মন্ত্রণালয়, সকল পৌরসভা, স্থানীয় গুরুত্বপূর্ণ সকল অফিস এবং বিশিষ্ট্য ব্যাক্তি বর্গকে প্রদান করা হয়েছে। সিটিজেন চার্টার স্থানীয় পত্রিকায় প্রকাশ করা হযেছে।	সভায় TLCC সদস্য জনাব মোছাঃ আলপনা খাতুন বলেন সকলের মতামতের প্রেক্ষিতে পর্যায়ক্রমে পৌরসভার সকল ওয়ার্ডে সিটিজেন চার্টার স্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র ও প্রধান নির্বাহী কর্মকর্তা।	
৪.	তথ্য ও অভিযোগ প্রতিকার সেল কার্যকর রাখা বিষয়ে আলোচনা।	এপ্রিল- জুন/২০২১ চলতি কোয়ার্টারে ৯টি ওয়ার্ড থেকে মোট ৩১ টি লিখিত অভিযোগ পাওয়া গিয়েছে। মৌখিক ১২ টিসহ সর্বমোট ৪৩ টি অভিযোগ পাওয়া গেছে এবং মহিলা সংক্রান্ত ১০টি অভিযোগ পাওয়া গিয়েছে। প্রাপ্ত অভিযোগের মধ্যে সবগুলো অভিযোগই নিস্পত্তি হয়েছে। TLCC এর সদস্য সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী কাউন্সিলব বলেন, অভিযোগ বক্সটি বর্তমানে নিয়মিতভাবে খোলা হচ্ছে এবং এই কার্যক্রম সচল রাখার ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। যে সকল অভিযোগ পাওয়া গিয়েছে তা যথারীতি নথিভূক্ত করা হয়েছে ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ সমুহ কমিটির মাধ্যমে নিস্পত্তি করা	বর্তমান তথ্য ও অভিযোগ সেলের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতি সপ্তাহের বৃহস্পতিবার Grievance Redress Cell (GRC) এর সভাপতি ও একজন TLCC এর সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্সটি নিয়মিতভাবে খোলা হচ্ছে।	মেয়র, গণযোগাযোগ সেলের সভাপতিও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
		হয়েছে এবং কার্যক্রম চলমান রাখা হবে। সকল অভিযোগ নিষ্পত্তির সময় উভয় পক্ষকে নোটিশের মাধ্যমে উপস্থিত রাখা এবং সিদ্ধান্ত লিখিত ভাবে উভয় পক্ষকে অবহিত করা হয়েছে । প্রাপ্ত অভিযোগ/সমাধানকৃত অভিযোগসমুহের বিবরণ TLCC এর সভায় আলোচনা করা হলো।			

ক্ষেত্র - ২ । নগর পরিকল্পনা (Urban Planning)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মন্তব্য
৫.	উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন বিষয়ে আলোচনা।	ত্রৈ-মাসিক ভিত্তিতে নগর পরিকল্পনা ইউনিটের পূর্বের সভায় সিদ্ধান্ত গৃহিত সকল সিদ্ধান্ত সঠিক ভাবে বাস্তবায়িত হয়েছে কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়। গত কোয়ার্টারে যে সকল ভবন অনুমোদন হয়েছে এই কাজগুলি সঠিকভাবে তদারকির বিষয়ে আলোচনা হয়। নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈমাসিক সভায় ভবন নির্মান অনুমোদন, তদারকি করা, ঝুঁকিপুর্ণ ভবন চিহ্নিতকরন, খাস জমি, নদীনালার অবৈধ ভরাট, ভবন মালিকদের নির্মান সমাপনী প্রতিবেদন নেওয়ার বিষয়ে আলোচনা হয়। পৌরসভার সহকারী প্রকৌশলী জানান যে এপ্রিল-জুন/ ২০২১ কোয়ার্টারে ১০ টি বাড়ীর প্লান অনুমোদন দেওয়া হয়েছে। বাড়ী নির্মানকারীগন যাতে সঠিকভাবে পৌরসভা হতে অনুমোদনকৃত ডিজাইন মোতাবেক বাড়ী নির্মান করেন সে ব্যপারে পৌরসভার তৎপরতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে TLCC র সদস্য ও ৮ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব সৈয়দ মুনজুরুল কবীর বলেন পৌরসভার উন্নয়ন কার্যক্রম তদারকি করার জন্য TLCC সদস্যদের দায়িত্ব পালন করতে হবে। তারা পৌরসভার উন্নয়নের কাজের অংশ হিসাবে এ দায়িত্ব পালন করবেন। তার এই প্রস্তাবের প্রেক্ষিতে অবকাঠামো কাজের মান	নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈমাসিক সভায় ভবন নির্মান অনুমোদন, তদারকি করা, ঝুঁকিপুর্ণ ভবন চিহ্নিতকরন, খাস জমি, নদীনালার অবৈধ ভরাট, ভবন মালিকদের নির্মান সমাপনী প্রতিবেদন নেওয়ার বিষয়ে, উন্নয়ন মূলক কাজ নিয়মিতভাবে তত্ত্বাবধান ও তদারকীর কাজ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, সহকারী প্রকৌশলী ও নক্সাকার।	

		ঠিক রাখার জন্য মেয়র মহোদয় TLCC সকল সদস্যদের উন্নয়ন কাজ তদারকী করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। ভবন নির্মান অনুমোদন সহ ভৌত কাজের গুনগত মান যাতে সঠিক থাকে এ ব্যপারে মেয়র মহোদয় পৌরসভার সহকারী প্রকৌশলী সহ TLCC সকল সদস্যদের বিশেষভাবে অনুরোধ করেন। উন্নয়ন মূলক কাজ নিয়মিতভাবে তত্ত্বাবধান ও তদারকীর কাজ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।টিএলসিসি সদস্য জনাব হাসিনা খাতুন প্রস্তাব করেন মেহেরপুর জেলার প্রবেশ দ্বারে মজিবনগর গেট স্থাপন করা যায় কিনা। মেয়র মহোদয় বলেন এ বিষয়ে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রীর আগমন ও সেই সভায় তিনি মেহেরপুরের প্রবেশ মুখে স্বাধীনতা বা মুজিবনগর নামে গেট নির্মানের বিষয় উত্থাপন করন । যা তখনই মন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা নোট করে নেন।			
৬.	বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন বিষয়ে আলোচনা।	কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২০-২০২১ অর্থ বছরে O&M খাতে মোট বরাদ্দ= ৭,৫৫,০০০/-টাকা। O&M কর্মপরিকল্পনার আওতায় পাঁকা রাস্তা মেরামত ও সংস্কার, কাঁচা রাস্ড়া মেরামত ও সংস্কার, ড্রেন মেরামত ও সংস্কার, অফিস সরঞ্জামাদি, পাম্প স্টেশন, জালানী, যানবাহন ইত্যাদি বাবদ এই অর্থ ব্যয় করা হবে। চলতি কোয়াটারে ড্রেনের উপর স্লাব ,ড্রেন সংস্কার সহ বেশ কিছু উন্নয়ন কার্যক্রম করা হয়েছে । এপ্রিল-জুন/২১ কোয়াটারে O&M খাতে ব্যয় হয়েছে=৫,০০০/- টাকা। সর্বমোট ৪র্থ কোয়াটার পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৭,৫৭,০০০/- টাকা।	২০২০-২০২১ অর্থবছরের O&M বাজেট অনুসারে সকল উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই মোতাবেক মেয়র মহোদয় নির্বাহী প্রকৌশলীকে কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ করার অনুরোধ করেন।	সহকারী প্রকৌশলী	

ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
৭.	জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও	- GAP বাস্তবায়নের জন্য বার্ষিক বাজেট ২০২১-২০২২ অর্থ বছরে ৫% বেশী ধরে মোট	-নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত আয়োজন করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী	বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সাচিবিক দায়িত্বপ্রাপ্ত	চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
	বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	১৩,৩৩,৫০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। এপ্রিল-জুন/২০২১ ইং কোয়ার্টারে GAP বাস্তায়নের জন্য পৌর তহবিল ও প্রকল্পের সহায়তায় নারীদের কম্পিউটার প্রশিক্ষণ, উঠান বৈঠক, মহিলা শ্রমিক নিয়োগ করে প্রকল্পের অবকাঠামো নির্মাণ, শ্রমিকদের বিশেষ করে মহিলা শ্রমিকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। মেহেরপুর পৌরসভার দারিদ্র ও অসহায় নারীদের স্বাবলম্বী করতে অর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পৌরসভায় অভিযোগকারী অনেক নারীর বিভিন্ন সমস্যার সমাধান করা হয়েছে। এ ছাড়া বরাবরের মত পৌরসভায় বসবাসরত দারিদ্র কিছু নারীদের আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। করোনা মহামারীর কারণে নারী ও শিশুদের সুরক্ষার জন্য ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে আলোচনা হয়।	করে সদস্যদের মাঝে বিতরন করার কাজ চলমান রাখা হয়েছে। -নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পে নির্মান কাজে নারী শ্রমিকের অংশগ্রহন নিশ্চিত করা সহ সমস্ত শ্রমিকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান ও করোনা থেকে বাচতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা অব্যাহত আছে। - GAP বাস্তবায়নের মাসিক/ ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতপূর্বক নিয়মিত PMO'তে প্রেরণের কাজ চলমান রয়েছে। - GAP বাস্তবায়নের মেহেরপুর পৌরসভায় বার্ষিক রাজস্ব বাজেট ২০২১-২০২২ অর্থ বছরে জন্য মোট ১৩,৩৩,৫০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। -স্বাস্থ্য বিধি মেনে নিয়মিত উঠান বৈঠক অনুষ্ঠিত হচ্ছে এবং উঠান বৈঠকে নারীদের ও শিশুদের বিভিন্ন সামাজিক সমস্যা নিয়ে আলোচনা হয়। এছাড়া করোনা ভাইরাস মোকাবেলায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে। নারী ও শিশুদের মধ্যে প্রয়োজনীয় মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরন করা হচ্ছে। গরিব ও অসহায় নারীদের আর্থিক সাহায্যের পাশাপাশি করোনাকালীন খাদ্য সাহায্য দেওয়া হচ্ছে।	কর্মকর্তা	কর্মকর্তা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ও পৌর পরিষদ।
৮.	দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত	দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনার রুপরেখা বাস্তবায়নের জন্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা হচ্ছে।	- দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন উক্ত কমিটির মাসিক সভা নিয়মিত করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করা হয়। সেই সাথে অনুমোদিত বস্তিতে গঠিত বস্তি উন্নয়ন কমিটির সভা নিয়মিত করা হয়। -TLCC এর সম্মানিত সদস্য ও ২ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব	-পৌর এলাকার বস্তি সমূহের আর্থসামাজিক উন্নয়নের জন্য বিভিন্ন কর্মমূখী প্রশিক্ষন সহায়তা করার লক্ষ্যে বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি এবং পৌর পরিষদ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
	নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধার া)	দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সাচিবিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হক বলেন তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রকল্প অফিস থেকে অনুমোদন পাওয়া ৬টি বস্তিতে ১ম ও ২য় পর্যায়ের ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ শেষ হয়েছে। এর মধ্যে ফুটপাথ ও ড্রেন, ষ্টিট লাইট, টিউবওয়েল এর কাজ শেষ হয়েছে। এছাড়া ৬১টি পায়খানার কাজ ৭৫ % শেষ হয়েছে। ইতি মধ্যে ২য় কিস্তির বিল/ভাউচার এবং এমবি প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। আশা করা যায় কয়েক দিনের মধ্যেই ৩য় কিস্তির অর্থ পাওয়া যাবে। এর পর বাকি কাজ শেষ করা হবে।	আল মামুন সভায় বলেন, তার ২ নং ওয়ার্ডের আখড়া পাড়া ও হালদার পাড়ায় বস্তি উন্নয়ন কার্যক্রমের আওতায় পূর্তকাজ চলছে। ইতি মধ্যে ড্রেন ও ফুট পাথ, ষ্টিট লাইট ও টিউবওয়েলের কাজ শেষ হয়েছে। এছাড়া পায়খানার কাজ চলমান আছে। তিনি সকলকে পরিদর্শন পূর্বক পরিদর্শন বইতে মতামত দেওয়ার আহবান জানান। -TLCC এর সম্মানিত সদস্য এবং দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির সভাপতি জনাবা মোছাঃ আলপনা খাতুন বলেন মেহেরপুর পৌরসভার বিভিন্ন দারিদ্র এলাকায় অনুমোদন পাওয়া ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ চলমান হয়েছে এবং ইতি মধ্যে ১ম ও ২য় কিস্তির কাজ শেষ হয়েছে। তিনি সভায় বলেন, তিনি টিএলসিসির প্রতিটি সদস্যকে বস্তি উন্নয়নের কাজ দেখা ও মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। কাজের গুনগত মান দেখার জন্য তিনি সকলকে আহবান জানান। তিনি বলেন, আগামী ডিসেম্বর'২০২১ এর মধ্যে বাকি সমস্ত কাজ যাতে শেষ করা যায় সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে । তিনি আরোও জানান ২য় কিস্তির বিল/ভাউচার প্রকল্প অফিসে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। ৩য় কিস্তির অর্থ পেলেই বাকি কাজ শেষ করা হবে।	- বস্তি উন্নয়ন কর্মকর্তা ও সকল এস আইসির চেয়ার পার্সন এবং সদস্য সচিব।	
৯.	PRAP কার্যক্রম বাস্তবায়নের জন্য মেহেরপুর পৌরসভায় চলতি অর্থ বছরের জন্য কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন।	PMO হতে নির্দেশনা অনুযায়ী PRAP কার্যক্রম বাস্তবায়নের জন্য মেহেরপুর পৌরসভায় ২০২১-২২ অর্থ বছরের জন্য ৩৩,৩৩,০০০.০০ টাকার বাজেট প্রনয়ন করা হয়েছে। চলতি কোয়াটারে PRAP কার্যক্রম বাস্তবায়নে ৩,৬৫,৩২০.০০ টাকা খরচ করা হয়েছে। PRAP কার্যক্রম বাস্তবায়নে চলতি অর্থ বছরে সংশোধিত বাজেট অনুযায়ী প্রায় শতভাগ ব্যায় হয়েছে। আশা করা যায় কর্ম পরিকল্পনা অনুযায়ী	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা মোছাঃ আলপনা বেগম সভাকে জানান যে, পৌর এলাকার ৬টি বস্তিতে উন্নয়নমূলক কাজ করার জন্য প্রকল্পের নির্দেশনা মোতাবেক ইতি মধ্যে অনুমোদিত ৬টি বস্তিতে অবকাঠামো উন্নয়নের কাজ চলমান রয়েছে। তিনি আশা প্রকাশ করেন, বস্তিতে বস্তি উন্নয়ন কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে সম্পন্ন হবে। ২০২১-২২ অর্থ বছরের জন্য বাজেট শত ভাগ খরচ হওয়ায় সন্তষ্ট প্রকাশ করেন। ২০২১-২২ অর্থ বছরের জন্য বাজেট এর কর্মপরিকল্পনা প্রস্তুত পূর্বক প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। তিনি আশা প্রকাশ করেন এবার কর্ম পরিকল্পনা অনুযায়ী দারিদ্র হ্রাসকরণ কার্যক্রম যথাযথ বাস্তবায়ন হবে। তিনি এ ব্যাপারে মেয়র মহোদয়ের সহায়তা কামনা করেন।	পৌর পরিষদ, বস্তি উন্নয়ন কর্মকর্তা ও স্থায়ী কমিটির সকল সদস্য।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		মেহেরপুর পৌরসভায় আগামীতে PRAP কার্যক্রম বাস্তবায়ন হবে।			

ক্ষেত্র - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১০.	হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনা।	পৌরসভাকে আর্থিকভাবে স্বচ্ছল করার জন্য হোল্ডিং ট্যাক্স আদায় সন্তোষজন হাওয়া বাধ্যতামূলক। সভায় হোল্ডিং ট্যাক্স আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ৪র্থ কোয়ার্টারের চলতি দাবীর পরিমান = ২,৭৫, ১৩, ৯৩০/-টাকা। চলতি কোয়ার্টারে ৮৫,৫৬,৩১৮/- আদায় হয়েছে।	মেহেরপুর পৌরসভায় ২০২০-২০২১ অর্থ বছরের পুনঃকর নির্ধারন কার্যক্রম শেষ হয়েছে। সভার সম্মানিত সভাপতি ও মেয়র চলতি অর্থ বছরে আদায়ের লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় জোরদার করার জন্য পৌর পরিষদ এবং TLCC এর সকল সদস্যদেরকে তাদের উপর অর্পিত দায়ীত্ব যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ জানান। সভার সম্মানিত সভাপতি ও মেয়র মহোদয় আরও বলেন, কর শাখার সকল আদায়কারীকে চলমান ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনা তৈরী করে কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের কার্যক্রম চালানোর জন্য নির্দেশ দেন। সভায় কর আদায়ের অগ্রগতি প্রতি সপ্তাহের বৃহস্পতিবার প্রধান নির্বাহী কর্মকর্তার	প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব ও ট্যাক্স শাখা	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
			মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।		
১১.	পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার ৪৪৭টি নিজস্ব দোকান ঘর আছে। চলতি ২০২০-২১ অর্থ বছরে বকেয়া ও চলতি সহ নিজস্ব দোকান ঘর ভাড়া বাবদ মোট দাবী =৩২,২৩,১৪০/- টাকা। এপ্রিল- জুন/২০২১ কোয়াটারে আদায় হয়েছে ৬,৩৪,১৭৫/-টাকা। ২০২০-২০২১ অর্থ বছরে ট্রেড লাইসেন্সে মোট দাবী =২৮,৯৬,৬৭৫/- টাকা। এপ্রিল-জুন/২১ ট্রেড লাইসেন্সের সংখ্যা ১১২ টি। এপ্রিল-জুন/২১ কোয়াটারে আদায় =১,৭২,০০০-টাকা। এপ্রিল-জুন/২১ কোয়ার্টারে ০৯টি বিশুদ্ধ খাদ্য লাইসেন্স প্রদান করা হয়েছে। বিশুদ্ধ খাদ্য লাইসেন্স বাবদ চলতি কোয়ার্টারে আদায় হয়েছে =৩,১০০/-টাকা। চলতি কোয়ার্টারে অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স প্রদান করা হয়েছে ০ টি এবং মোট আদায় হয়েছে =০/- টাকা। ঠিকাদারী টেন্ড্র লাইসেন্স চলতি কোয়ার্টারে ০টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়েছে এবং ট্রেড লাইসেন্স বাবদ আদায় =০/- টাকা। আগামী অর্থ বছরে কর-বহির্ভুত রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	পৌরসভার নিজস্ব দোকানের ভাড়া ও অন্যান্য আদায় বৃদ্ধির জন্য মেয়র মহোদয় সচিব সাহেবকে কমিটি গঠনের নির্দেশ দেন এবং আদায় কাজের অগ্রগতির প্রতিবেদন পরবর্তী টিএলসিসি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব/হিসাব শাখা/ সাধারন শাখা/লাইসেন্স শাখা	
১২.	কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান আছে এবং গ্রাহকের বাড়ি বাড়ি বিল যথাসময়ে পৌছানোর কাজও চলমান আছে। -মাসিক ভিত্তিতে ট্যাক্স প্রতিবেদন প্রস্তুত করে মেয়র মহোয়ের নিকট উপস্থাপন ও PMO তে প্রেরন বিষয়ে সভায় আলোচনা কর হয়।	কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান রয়েছে। ৪র্থ কিস্তির বিল প্রিন্ট করে গ্রাহকের বাড়ি বাড়ি যথা সময়ে বিল পৌছে দেওয়ার হয়েছে। TLCC এর সম্মানিত সদস্য ও পৌর কাউন্সিলর ও কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি পৌর কর আদায়ের হার যাতে ৯৫% এর উপরে হয় এবং এই ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট কর আদায়কারী কর নিরুপন ও	প্রধান নির্বাহী কর্মকর্তা, এ্যাসেসর, **কর আদায়কারী ও সহকারী কর আদায়কারীবৃন্দ।**	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
			আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সকল সদস্যদের বিষেশভাবে অনুরোধ জানান। কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ চলমান থাকবে। নতুন রেট অনুযায়ী কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়। প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। কম্পিউটারাইজড বিল প্রিন্টের কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাৎসরিক কর্মপরিকল্পনা করে কর আদায় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।		
১৩.	পানির বিল নির্ধারণ ও সংগ্রহ বিষয়ে আলোচনা।	পানির বিল আদায় বৃদ্ধির লক্ষ্যে মাইকিং, প্রচারণা করাসহ TLCC ও WC এর সভায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। পানির বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। -প্রতি ৩ মাস অন্তর অন্তর অগ্রগতি পর্যালোচনা করে প্রতিবেদন তৈরী করে মেয়র এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়।।	মেহেরপুর পৌরসভায় ২০২০-২০২১ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান = ৭৯,১২,০১০/-টাকা। যার মধ্যে বকেয়া আদায়= ৩৪,৩৫,৮১৯/- এবং চলতি= ২৮,৭৮,৮২২/-টাকা। চলতি এপ্রিল-জুন /২০২১ কোয়াটারে আদায় = ৬৩,৪৪,৬৪১/- টাকা। আদায়ের হার হার ৮০.১৯%। পানির বিল আদায় অব্যহত রাখার জন্য মাইকিং করা, টিম গঠন করে পানির বিল আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় আলোচনা করা হয়। পানি সরবরাহ শাখার পানি সুপার জনাব মোঃ মাসুদ	**নির্বাহী প্রকৌশলী** ,ওয়াটার সুপার ও বিল ক্লার্ক	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
			রানা বলেন সংযোগ বিচ্ছিন্নসহ গ্রাহকদের নিকট থেকে বকেয়া আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাকে অনুরোধ জানান। বকেয়া পানির বিল আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে বকেয়া পানির বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ভারপ্রাপ্ত পানি সুপারকে অনুরোধ করা হয়।		

ক্ষেত্র ৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (Financial Management, Accountability and Sustainability)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১৪.	কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের প্রশিক্ষন/ অরিয়েন্টেশনের ব্যবস্হা গ্রহন এবং রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা সম্পর্কে আলোচনা।	১। অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সাহেব মেহেরপুর পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষন/অরিয়েন্টেশনের গুরুত্ব অপরিসিম। বিধায় সকল কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষন গ্রহনের জন্য নিয়ামক কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক ইইজিআইআইপি-৩ এর মাধ্যমে প্রশিক্ষন/অরিয়েন্টেশন গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।	১। পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষন/অরিয়েন্টেশনের জন্য নিয়ামক কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক UGIIP-III এর মাধ্যমে প্রশিক্ষন/অরিয়েন্টেশন গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।	মেয়র,মেহেরপুর পৌরসভা।	
১৫.	২০১৯-২০ অর্থ বছরের আভ্যন্তরীন নিরীক্ষা অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা।	২০১৯-২০২০ অর্থ বছরের রাজস্ব আদায় হার সন্তোষ প্রকাশ করতঃ আগামী ২০২০-২১ র্অথ বছরে অভ্যন্তরীন নিরীক্ষায় ৭টি আপিত্ত উপথাপিত হয়েছে। আপত্তি সমূহ দ্রুত মিমাংশা করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হলো। এছাড়াও পৌরসভার সকল রাজস্ব আদায় বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে মেয়র মহোদয়কে অনুরোধ জানানো হয়।	সভাপতি সাহেব মেয়র মহোদয়ের সাথে আলোচনা ক্রমে সকল অডিট আপত্তি নিস্পত্তি ও পৌরসভার যাবতীয় রাজস্ব আদায় বৃদ্ধির কার্যকরি পদক্ষেপ গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র/সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা , মেহেরপুর পৌরসভা।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১৬.	কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা।	কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থা চলমান রাখা হয়েছে। এপ্রিল-জুন/২১ইং মাসের Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং PMO তে প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়েছে এবং ০২/০৭/২০২১ ইং তারিখের মধ্যে PMO তে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করা এবং PMO তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	**হিসাব রক্ষণ কর্মকর্তা**	
১৭.	বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ বিষয়ে আলোচনা।	বিদ্যুৎ ও টেলিফোন বিলসমুহ পরিশোধ করার জন্য ২০২০-২০২১ অর্থ বছরে বিদ্যুত বিলের =১,১০,০০,০০০/- টাকা ও টেলিফোন বাবদ বাজেটে =১২০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। চলতি কোয়াটারে হাল বকেয়াসহ মোট = ১,৭৩,২১,৮৫৪/- টাকার বিদ্যুৎ বিল পাওয়া গেছে এবং টেলিফোন বিল পাওয়া গেছে = ১৬,৭৩৪/- টাকা। টেলিফোন বিল ইতিমধ্যে পরিশোধ করা হয়েছে এবং বিদ্যুৎ বিল ১,১২,০৫৯৯৩/- টাকা পরিশোধ করা হয়েছে। (নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো মেহেরপুরের সাথে হাল ও বকেয়া বিদ্যুৎ বিল ৪ কিস্তিতে পরিশোধের চুক্তি হয়)। অবশিষ্ট বকেয়া বিদ্যুৎ বিল চুক্তি অনুযায়ী পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সভায় সর্ব সম্মতিক্রমে বিদ্যুৎ বিল নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো মেহেরপুরের সাথে হাল ও বকেয়া বিদ্যুৎ বিল ৪ কিস্তিতে পরিশোধের চুক্তি হয়। চুক্তি মোতাবেক বিল পরিশোধের জন্য মেয়র মহোদয়কে অত্র সভায় অনুরোধ করেন।	মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	
১৮	স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন বিষয়ে আলোচনা।	স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হলো।	ইতোমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের হালনাগাদ করা হয়েছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। স্থায়ী সম্পদের অবচয় হিসাব খোলা হয়েছে। হিসাব নং-পূর্বালী ব্যাংক চলতি হিসাব নং-২৯২৭-১। সভায় স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
			এবং অবচয় হিসাব সঠিক ভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়।		
১৯.	সকল সরকারি ঋণ পরিশোধ বিষয়ে আলোচনা।	BMDF নিকট থেকে = ১,০৯,৪৬,৫১৫/- টাকা ঋণ গ্রহণ করা হয়েছিল। যার বিপরিতে =১,০৪,৪২,২১৫/- টাকা পরিশোধ করা হয়েছে। বকেয়া আছে=৫,০৪,২৪০/-টাকা। ২০২০-২১ অর্থ বছরের মধ্যে উক্ত বকেয়া টাকা পরিশোধের ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়।	প্রকল্পের শর্ত মোতাবেক চলতি অর্থ বছরের মধ্যেই **BMDF** এর ঋণ পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	

ক্ষেত্র ৬। প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency).

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
২০.	স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	৩০ জুন/২০২১ তারিখের মধ্যে সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে । অত্র পৌরসভাার ১২টি স্থায়ী কমিটি আছে। উক্ত স্থায়ী কমিটি সকল সভা যথা সময়ে অনুষ্ঠিত হয়েছে। আগামী ৩০ সেপ্টেম্বর-২০২১ তারিখের মধ্যে সকল স্থায়ী কমিটির সভা যথা সময়ে করার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।	অত্র পৌরসভায় ১২টি স্থায়ী কমিটি আছে। উক্ত স্থায়ী কমিটির জুন/২০২১ ইং মাসের সকল সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। আগামী কোয়াটারে অর্থাৎ ৩০/০৯/২০২১ এর আগে সকল স্থায়ী কমিটির সভা করার জন্য মেয়র মহোদয় সকল স্থায়ী কমিটির সভাপতিকে অনুরোধ জানান।	সকল স্থায়ী কমিটির সভাপতি	
২১.	সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IT ব্যবহার বিষয়ে আলোচনা।	২০০৯খ্রিঃ হতে মেহেরপুর পৌরসভায় ট্রেড লাইসেন্স , পানির বিল, পৌর কর, হিসাবরক্ষণ ব্যবস্থাপনা সফটওয়ার পুরো-পুরি চালু রয়েছে। পৌরসভার যাবতীয় গুরুত্বপূর্ণ তথ্য ওয়েবসাইটে প্রত্যাহ হালনাগাদ করার জন্য পৌর ডিজিটাল সেন্টার উদ্যোক্তা জনাব মোঃ সানোয়ার হাসান’কে দায়িত্ব	এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার চলমান আছে। চলতি মাসেই নতুন সফটওয়ার ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করে এই সেবা সমূহগুলো আরো গতিশীল করা হবে। মেহেরপুর পৌরসভার ওয়েবসাইট খোলা আছে যার ঠিকানা www.meherpurmunicipality.com যে কেউ চাইলেই পৌর ওয়েব সাইটে প্রবেশ করে বিভিন্ন তথ্য জানতে পারবেন সে সব বিষয়ে সহজীকরন করা হবে । এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া সফটওয়ার ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করে এই সেবা সমূহগুলো আরো গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা ও পৌরসভা ডিজিটাল সেন্টার।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		দেয়া হয়। জন্ম-মৃত্য সনদ কম্পিউটারে রেকর্ড রাখা এবং অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।			

ক্ষেত্র ৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
২২.	বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা।	২০২০-২১ অর্থ বছরে মেহেরপুর পৌরসভার বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হয়েছে। টিএলসিটি সদস্য জনাব লৎফুন নাহার লতা, ৭ নং ওয়ার্ডে নুরুল ইসলাম রাজিব, কাউন্সিলর এর বাড়ীর পাশে ময়লা আবর্জনা পরিষ্কারের জন্য আরও বেশী জনবল নিয়ে কার্যক্রম আরও জোরদার করার জন্য মেয়র মহোদযকে অনুরোধ করেন। এই বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সকলে তার এই সিদ্ধান্তকে স্বাগত জানান। পাইলট প্রকল্প হিসাবে অত্র পৌরসভার ৭ নং ওয়ার্ড কে নির্বাচন করে কার্যক্রম শুরু করা হয়েছে। বর্জ্য অপসারনের ক্ষেত্রে মেহেরপুর পৌরসভায় নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০২০-২১ অর্থ বছরে মোট বরাদ্দ =৪৫,৪৬,৯০৬/-টাকা। এপ্রিল - জুন/২১ কোয়ার্টারে ব্যয় হয়েছে = ১০,৭৮,৭৫০/-। সর্বমোট ৪র্থ কোয়াটার পর্যন্ত মোট ব্যয় ৪৫,৬৫,১০৫/-। বাজেট সঠিকভঅবে ব্যয় হয়েছে এবং বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। TLCC-র অধিকাংশ সদস্য বর্তমানে বর্জ্য সংগ্রহ ও অপসারণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	মেহেরপুর পৌরসভার ২০২০-২১ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বর্জ্য ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হলো।	মেয়র , প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব, সহকারী প্রকৌশলী ও কঞ্জারভেন্সী ইন্সেপেক্টর।	
২৩.	ড্রেন পরিষ্কার ও রক্ষণবেক্ষণ বিষয়ে আলোচনা।	ড্রেন পরিষ্কার ও রক্ষনাবেক্ষনের জন্য মেহেরপুর পৌরসভার ২০২০-২১ অর্থ বছরে বাজেট =৩৬,৫৮,৬৮৮/- টাকা। বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ড্রেন	চলতি বছরে পৌরসভার ড্রেন ভাল ভাবে পরিষ্কার করা হয়েছে। যার কারনে এ বছর বৃষ্টি হলেও শহরের কোথাও পানি জমে থাকতে দেখা যায়নি। কিছু	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী ও কঞ্জারভেন্সী ইন্সেপেক্টর।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		পরিস্কার ও রক্ষনাবেক্ষনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হলো। এ কাজে সকলে সন্তোষ্টি প্রকাশ করেন এ ধারা অব্যাহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আগামী অর্থ বছরের জন্য একটি কর্ম-পরিকল্পনা প্রন্নয়ন বিষয়ে আলোচনা হয়। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন। TLCC সদস্য ও কাউন্সিলর জনাব সাকিল রাব্বি পৌরসভার ড্রেন পরিস্কার পরিচ্চনের ব্যাপারে সন্তোাষ্টি প্রকাশ করেন । সেই সাথে তিনি ড্রেনের সাথে যাদের সুয়ারেজ লাইন আছে সেই সকল লাইন অপসারনের জন্য মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। মেয়র মহোদয় এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন বলে সভাকে অব্যাহিত করেন। ২০২০-২১ অর্থ বছরের এপ্রিল-জুন/২১ কোয়াটারে ব্যয় হয়েছে=৩,৯৯,৮০০/- টাকা । সর্বমোট ৪র্থ কোয়াটার পর্যন্ত মোট ব্যয় ৩৬,৫৮,৩০০/- টাকা।	সমস্যার জন্য পৌরসভার যে সকল ড্রেন এখনও পরিষ্কার হয়নি সেগুলো পরিষ্কার করতে হবে। ড্রেন পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য একটি কর্মপরিকল্পনা করার জন্য মেয়র মহোদয় পৌরসভার সহকারী প্রকৌশলীকে নির্দেশ দেন এবং সেই কর্ম পরিকল্পনা অনুযায়ী দ্রুত ড্রেন পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহিত হয়।		
২৪.	সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	শতভাগ সড়ক বাতি নিশ্চিত করণে চলতি ২০২০-২১ অর্থ বছরে মোট =৯৬,১৯,২৫০/- টাকা বাজেট রাখা হয়েছে। বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। চলতি বছরে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি ও মালামাল ক্রয় করা হয়েছে। বাতি পরিদর্শকের রির্পোট অনুযায়ী স্থাপিত সড়ক বাতিগুলো সচল আছে। পৌরসভার ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০২০-২১ অর্থ বছরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। এপ্রিল -জুন /২১ কোয়াটারে সড়ক বাতি সচল রাখার জন্য ব্যয় হয়েছে=৫০,৩৩,৮০০/-টাকা্	বর্তমানে পৌরসভায় ৯৭.৫০ ভাগ এলাকায় বিদ্যুৎ লাইন কার্যকর আছে। বাকি এলাকাতেও পর্যায় ক্রমে সড়ক বাতি কার্যক্রর করা হবে। TLCC অধিকাংস্য সদস্য বর্তমানে সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা, সচিব ও সহকারী প্রকৌশলী	
২৫.	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team কার্যকারি করণ বিষয়ে	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক প্রকৌশল বিভাগ কর্তৃক সরেজমিনে নিয়মিত পরিদর্শন করে যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক মেরামত যোগ্য কার্যাদি সম্পাদন্নের জন্য ২০২০-২১ অর্থ বছরে =৭,৫৫,০০০/- টাকা	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত যোগ্য কার্যাদি বাস্তবায়নে Mobile Maintenance Team কর্তৃক নিয়মিত পরিদর্শন এবং মেহেরপুর পৌরসভার ২০২০-২১ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	নির্বাহী প্রকৌশলী মেহেরপুর পৌরসভা।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
	আলোচনা।	বাজেট বরাদ্দ রাখা হয়েছে যা; প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করা হচ্ছে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ২০২০-২১ অর্থ বছরে এপ্রিল-জুন/২১ কোয়াটারে ব্যয় হয়েছে =২,০০০/-টাকা। সর্বমোট ৪র্থ কোয়াটার পর্যন্ত মোট ব্যয় ৭,৫৭,০০০/- টাকা।	TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।		
২৬.	স্যানিটেশন কার্যক্রম অব্যহত বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার ২০২০-২১ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্যানিটেন ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। মেহেরপুর পৌরসভার নিয়মিত স্যানিটেশন কার্য্যক্রম পরিচালনার জন্য ২০২০-২১ অর্থ বছরে ৬,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। এপ্রিল-জুন/২১ কোয়াটারে ৫০,০০০/- টাকা ব্যয় করা হয়েছে । সর্বমোট ৪র্থ কোয়াটার পর্যন্ত মোট ব্যয় ৫,৯৫,০০০/- টাকা।	মেহেরপুর স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে মেহেরপুর পৌরসভার স্যানিটেশন কাজের প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	সহকারী প্রকৌশলী,মেহেরপুর পৌরসভা।	

আলোচ্যসূচী - ৩ ঃ বিবিধ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১	মশক নিধন প্রসংগে আলোচনা।	জনাব মোঃ এহসানুল আজিম, সদস্য, টিএলসিসি নাগরিক সমাজের প্রতিনিধি সভায় জানান যে বর্তমান বর্ষা মৌসুমে মশার উপদ্রব বৃদ্ধি পায়েছে। মশার উপদ্রব নিয়ন্ত্রন রাখার লক্ষে সপ্তাহে ২ দিন যদি মশক নিধনের মাধ্যমে মশা নিয়ন্ত্রনে রাখা যায় তাহলে ডেঙ্গু চিকনগুনিয়া সহ বিভিন্ন রোগ থেকে মুক্তি পাওয়া যাবে। তাই পৌর এলাকার মধ্যে মশক নিধন কার্যক্রম অব্যহত রাখার জন্য মেয়র মহদোয়কে অনুরোধ জানান।মশক নিধন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সভায় সর্ব সম্মতিক্রমে মশক নিধনের জন্য মশক নিধন বিষ স্প্রে করা ও অন্যান্য আনুসঙ্গিক ব্যবস্থা গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত হয়।	মেয়র, প্রধান নির্বাহী কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী, স্যানিটারী ইনসপেক্টর, মেহেরপুর পৌরসভা।	
২	দ্বিতীয় পর্যায়ে করোনা ভাইরাস (কভিড-১৯)	জনাব মোঃ সোহেল রানা সদস্য টিএলসিসি সভায় জানান যে করোনা ভাইরাস (কভিড-১৯) সর্ব প্রথম চীনে শুরু হয়েছে যা মহামারি আকারে সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে। বর্তমানে বাংলাদেশে করোনা ভাইরাস	করোনা ভাইরাস (কভিড-১৯) প্রতিরোধ ও মোকাবেলার জন্য জনগনকে সচেতন করা , মাস্ক	মেয়র, নির্বাহী প্রকৌশলী, সচিব, স্যানিটারী ইনসপেক্টর,	

	সংক্রমন প্রসংগে আলোচনা।	ভয়াবহ আকার ধারণ করেছে। এই ভাইরাস প্রতিরোধ ও মোকাবেলা করতে সকলকে সচেতন করতে হবে । এ বিষয়ে সরকার কঠোর লকডাউন গ্রহনের সিদ্ধান্ত গ্রহন করেছে। ফলে পৌর এলাকার সকল জনসাধারণকে সামাজিক দুরত্ব বজায় রেখে চলাফেরা করতে হবে। হ্যান্ডওয়াস/সাবান দিয়ে নিয়মিত হাত ধুতে হবে, মাস্ক ব্যাবহার করতে হবে, এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচান্তে করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবেলার জন্য মেয়র মহোদয় পৌর কার্যালয়ে প্রবেসের পূর্বে মাস্ক পরিধান এবং সাবান দিয়ে হাত ধৌতকরণ সহ সকলকে আরও সোচ্চার হওয়ার জন্য অনুরোধ করেন।	পরিধান ও সামাজিক দুরত্ব বজায় রাখার সরকারী নির্দেশনা মেনে চলা এবং এ বিষয়ে তথ্য সেবা কেন্দ্র থেকে মাইকিং করার বিষয়ে সিদ্ধান্ত হয়।	মেহেরপুর পৌরসভা।	
৩	বাসা বাড়ীর বর্জ্য গ্রহন করা প্রসংগে আলোচনা।	জনাব মোছাঃ আফরোজা খাতুন সদস্য টিএলসিসি দরিদ্র প্রতিনিধি সভায় জানান যে বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুরভাব বৃদ্ধি পাওয়ায় অত্র পৌর এলাকায় বিশেষ করে প্রতিটি ওয়ার্ডের ভিতরে বাসা বাড়ীর লোকজন যত্রতত্র ময়লা আর্বজনা ফেলে রাখে। উক্ত ময়লা আর্বজনা যত্রতত্র যাতে ফেলে না রাখে সেজন্য পৌরসভা ভ্যানগাড়ি প্রতিটি বাড়ী বাড়ী গিয়ে ময়না আর্বজনা সংগ্রহ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচান্তে প্রতিটি ওয়ার্ডের বাসা বাড়ীর ময়লা আর্বজনা ভ্যানগাড়ি করে আনায়নের ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।	সভায় বাসা বাড়ীর ময়লা আর্বজনা ভ্যানগাড়ি করে আনায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র ও কনজারভেন্সী ইন্সপেক্টর	
৪	রাস্তারপাশের বন জঙ্গল ,রাস্তার ময়লা আবর্জনা পরিস্কার প্রসঙ্গে আলোচনা।	জনাব মোঃ শওকত আলী সদস্য টিএলসিসি সভায় জানান যে, বর্তমান বর্ষা মৌসুমে প্রধান সড়কসহ শহরের অলিগলি রাস্তায় ঝোপ জঙ্গল বৃদ্ধি পাওয়ায় জনসাধারনের চলাচলের বিগ্নের সৃষ্টি হচ্ছে। তাছাড়াও ঝোপ জঙ্গল বেড়ে যাওয়ার কারনে সাপ ছাড়া ও বিভিন্ন ধরনের বিষাক্ত পোকা মাকড় মশার উপদ্রব বৃদ্ধি পেয়েছে । জনসাধারন যাহাতে নির্বিঘ্নে চলাচল করতে পারে সেজন্য ঝোপ জঙ্গল দ্রুত পরিষ্কার করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাপ আলোচান্তে ঝোপ জঙ্গল দ্রুত পরিষ্কার করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।	জনস্বার্থে রাস্তা, রাস্তার পাশের বন জঙ্গল , ঝোপ ঝাড় পরিষ্কার পরিচ্ছন্ন অব্যহত থাকার বিষয়ে সিদ্ধান্ত হয়।	মেয়র ও কনজারভেন্সী ইন্সপেক্টর	

মোঃ মাহফুজুর রহমান রিটন
মেয়র
মেহেরপুর পৌরসভা।
মোবাইল নম্বরঃ ০১৭১৬-০৩৭৬৩৮
ফ্যাক্স নম্বরঃ ০৭৯১-৬২১৯৯।

স্মারক সংখ্যা/মেপৌ/সাধা/২০২১/২৫২ (৫২) তারিখঃ ঃ-২৪/০৬/২০২১ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প
এলজিইডি ভবন,আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। জনাব .... সদস্য, TLCC কমিটি, মেহেরপুর পৌরসভা।